

“২০১৭-১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি”০১। ভর্তি সংক্রান্ত সাধারণ নির্দেশনা:

- ক) মহেশপুর সরকারি ডিগ্রী কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য অন-লাইন অথবা টেলিটক মোবাইল এসএমএস এর মাধ্যমে আবেদন করতে হবে।
- খ) প্রথমবার আবেদনের সময় একটি মোবাইল নম্বর দিতে হবে, যেটি শিক্ষার্থীর কন্টাক্টনাম্বার হিসেবে বিবেচিত হবে।
- গ) ০৯-০৫-২০১৭ইং তারিখ হতে ২৬-০৫-২০১৭ তারিখ পর্যন্ত শিক্ষার্থীরা একাদশ শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করতে পারবে।
- ঘ) অন-লাইনে আবেদনের ক্ষেত্রে ১৫০/= টাকা আবেদন ফি জমা সাপেক্ষে সর্বনিম্ন ৫টি এবং সর্বোচ্চ ১০টি কলেজের জন্য পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। এসএমএস এর মাধ্যমে প্রতি কলেজ ১২০/= টাকা আবেদন ফি প্রদান সাপেক্ষে একাধিক কলেজ পর পর পছন্দক্রমের ভিত্তিতে আবেদন করতে পারবে। একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে তার মধ্য থেকে শিক্ষার্থীর মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি মাত্র কলেজে তার অবস্থান নির্ধারণ করা হবে।
- ঙ) ভর্তির আবেদনের “গোপনীয় সিকিউরিটি কোড” টি কলেজে ভর্তির সময় চূড়ান্ত নিশ্চায়নের প্রয়োজনে সংরক্ষণ করতে হবে এবং নম্বর টি ভর্তি ফরমে উল্লেখ করতে হবে।

০২। ভর্তির যোগ্যতা, গ্রুপ নির্বাচন ও অন্যান্য নিয়মাবলী:

- ক) ২০১৫, ২০১৬, ২০১৭ সালে দেশের যে কোন শিক্ষা বোর্ড এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪, ২০১৫, ২০১৬ সালে এসএসসি অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগণ ২০১৭-১৮ শিক্ষাবর্ষে নীতিমালার অন্যান্য বিধানাবলী পূরণ সাপেক্ষে কলেজে ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে।
- খ) বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী- বিজ্ঞান, মানবিক, ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটিতে ভর্তি হতে পারবে।
- গ) মানবিক গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী- মানবিক, ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটিতে ভর্তি হতে পারবে।
- ঘ) ব্যবসায় শিক্ষা গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী- মানবিক, ব্যবসায় শিক্ষা শাখার যে কোন একটিতে ভর্তি হতে পারবে।
- ঙ) মুক্তিযোদ্ধা, শিক্ষা, বিশেষ কোটায় ভর্তির জন্য উপযুক্ত প্রমানপত্র দাখিল করতে হবে।
- চ) ভর্তির দিন ভর্তি ফরম পূরণ পূর্বক ভর্তি ফরমে পাসপোর্ট সাইজের একটি ছবি আঠা দিয়ে মারতে হবে এবং আরো একটি পাসপোর্ট সাইজের ছবি, এসএসসি মূল মার্কশীট, মার্কশীটের ২টি ফটোকপি, প্রশংসাপত্রের ১টি ফটোকপি ভর্তির সময় কলেজে জমা দিতে হবে। ভর্তির দিন কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীর ভর্তির আবেদনের গোপনীয় সিকিউরিটি কোড ব্যবহার করে চূড়ান্ত ভর্তি নিশ্চায়ন করবেন। প্রয়োজনে ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্যের জন্য কলেজে যোগাযোগ করতে বলা হলো।

০৩। বিভিন্ন গ্রুপে ভর্তির জন্য নির্ধারিত সর্বনিম্ন জিপিএ, আসন সংখ্যা ও ভর্তি ফিসের বিবরণ:

- ক) ভর্তির জন্য সর্বনিম্ন জিপিএঃ বিজ্ঞান- ৩.০০, মানবিক- ২.৫০, ব্যবসায় শিক্ষা- ২.৫০।
- খ) শিক্ষার্থী ভর্তির জন্য নির্ধারিত আসনঃ মানবিক- ৫০০টি, বিজ্ঞান- ১৫০টি, ব্যবসায় শিক্ষা- ১৫০টি।
- গ) ভর্তি ফিসঃ মানবিক, বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা সকল শাখার জন্য ১০০০/= (একহাজার) টাকা।
- ঘ) প্রযোজ্য ক্ষেত্রে বিলম্ব ভর্তি ফিস-৫০/= টাকা।
- ঙ) প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষাবিরতী ফিস-১০০/= টাকা।

০৪। ভর্তির ফলাফল প্রক্রিয়াকরণ, ফলাফল প্রকাশ ও শিক্ষার্থী কর্তৃক কলেজ সিলেকসন প্রাথমিক নিশ্চায়নের সময়সূচীঃ

- ক) ভর্তির জন্য মনোনিত শিক্ষার্থীদের তালিকা প্রকাশের তারিখ: প্রথম পর্যায়ে-০৫-০৬-২০১৭ ইং।  
প্রথম পর্যায়ে শিক্ষার্থী নিজেই অন-লাইনে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ১৮৫/= টাকা জমার মাধ্যমে কলেজ সিলেকসন নিশ্চায়নের তারিখ: ০৬-০৬-২০১৭ থেকে ০৮-০৬-২০১৭ ইং ৩দিন।
- খ) দ্বিতীয় পর্যায়ের ফল প্রকাশঃ ১৩-০৬-২০১৭ ইং।  
দ্বিতীয় পর্যায়ের শিক্ষার্থী নিজেই অন-লাইনে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ১৮৫/= টাকা জমার মাধ্যমে কলেজ সিলেকসন নিশ্চায়নের তারিখ: ১৪-০৬-২০১৭ থেকে ১৫-০৬-২০১৭ ইং ২দিন।
- গ) তৃতীয় পর্যায়ের ফল প্রকাশঃ ১৮-০৬-২০১৭ ইং।  
তৃতীয় পর্যায়ের শিক্ষার্থী নিজেই অন-লাইনে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ১৮৫/= টাকা জমার মাধ্যমে কলেজ সিলেকসন নিশ্চায়নের তারিখ: ১৯-০৬-২০১৭ ইং ১দিন।

০৫। নির্বাচিত শিক্ষার্থীর কলেজে উপস্থিতি, ভর্তি ও ভর্তির চূড়ান্ত নিশ্চায়নের তারিখ এবং ক্লাস শুরু:

- ক) ২০-০৬-২০১৭ইং থেকে ২২-০৬-২০১৭ ইং এবং ২৮-০৬-২০১৭ইং থেকে ২৯-০৬-২০১৭ ইং।
- খ) একাদশ শ্রেণির ক্লাস শুরু- ০১-০৭-২০১৭ ইং।

মহেশপুর সরকারি ডিগ্রী কলেজ  
অধ্যক্ষ

মহেশপুর সরকারি ডিগ্রী কলেজ, মহেশপুর, ঝিনাইদহ।

০৫/০৬/১৭

অধ্যক্ষ  
মহেশপুর সরকারি ডিগ্রী কলেজ  
মহেশপুর, ঝিনাইদহ।